



প্রশ্নফাঁস ইস্যুতে এনসিপির বক্তব্য দায়িত্বজ্ঞানহীন: শিক্ষামন্ত্রী



ড. আন ম এহছানুল হক মিলন। ছবি : সংগৃহীত

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ যাচাই ছাড়াই জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) যে বিবৃতি দিয়েছে, তা নিন্দনীয় বলে মন্তব্য করেছেন শিক্ষা ও প্রাথমিক গণশিক্ষামন্ত্রী ড. আন ম এহছানুল হক মিলন।

শনিবার (২৫ এপ্রিল) রাতে তার ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক অ্যাডমিন পোস্টে বলা হয়, কথিত প্রশ্নফাঁসের বিষয়টি ইতোমধ্যে গুজব হিসেবে প্রমাণিত হয়েছে। এমন অবস্থায় তথ্য যাচাই না করে এনসিপির এ ধরনের বক্তব্য দেওয়া দায়িত্বজ্ঞানহীন ও হতাশাজনক।

এর আগে, এসএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্নফাঁসের অভিযোগ তুলে এনসিপি এক বিবৃতিতে উদ্বেগ জানায়। দলটি দাবি করে, সংশ্লিষ্টদের নিষ্ক্রিয়তায় শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বহীনতা স্পষ্ট হচ্ছে এবং প্রশ্নফাঁসের মতো গুরুতর বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি।

এনসিপি আরও অভিযোগ করে, নকল প্রতিরোধে গুরুত্ব দেওয়া হলেও প্রশ্নফাঁস ঠেকাতে দৃশ্যমান উদ্যোগ নেই। দ্রুত সমাধান না করে এভাবে পরীক্ষা চালিয়ে যাওয়া উচিত নয় বলেও তারা মত দেয়।